

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০২৬.১২-১৫২০ —যেহেতু, আপনি জনাব মোঃ মোশাররফ হোসেন, পিতা-মৃত মোহাম্মদ আলী, গ্রাম-পেড়াবাড়ীয়া, উপজেলা-বাগাতিপাড়া, নাটোর, নাটোর জেলাধীন বাগাতিপাড়া পৌরসভার মেয়র; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মোশাররফ হোসেন, মেয়র, বাগাতিপাড়া পৌরসভা পৌরসভার স্বার্থের পরিপন্থি কার্যকলাপ সংঘটন, সরকারি দায়িত্ব পালন না করা, সরকারি নির্দেশনা অমান্য করা, জাতীয় দিবসগুলোতে অংশগ্রহণ না করা এবং এডিপি'র অর্থ ব্যয়ে অনিয়ম করেছেন;

যেহেতু, পৌরসভার স্বার্থের পরিপন্থি কার্যকলাপ সংঘটন, সরকারি দায়িত্ব পালন না করা, সরকারি নির্দেশনা অমান্য করা, জাতীয় দিবসগুলোতে অংশগ্রহণ না করা এবং এডিপি'র অর্থ ব্যয়ে অনিয়ম করায় আপনার এহেন কর্মকাণ্ড স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২(১)(খ) ও (ঘ) ধারা অনুযায়ী রাষ্ট্রের পক্ষে হানিকর, অসদাচরণ তথা ক্ষমতার অপব্যবহারের পর্যায়ভুক্ত;

যেহেতু, জনাব মোঃ মোশাররফ হোসেন, মেয়র, বাগাতিপাড়া পৌরসভা এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক নয় এবং এডিপি ব্যয়ের অনিয়মের কথা স্বীকার করে ক্ষমা চেয়েছেন;

(৫৩৬১)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা অনুযায়ী, “যেক্ষেত্রে কোনো পৌরসভার মেয়র অথবা কোনো কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে”;

যেহেতু, জনাব মোঃ মোশাররফ হোসেন, মেয়র, বাগাতিপাড়া পৌরসভা এর বিরুদ্ধে বিভাগীয় কমিশনার, রাজশাহী ও জেলা প্রশাসক, নাটোর এর তদন্ত প্রতিবেদনে পৌরসভার স্বার্থের পরিপন্থি কার্যকলাপ সংঘটন, সরকারি দায়িত্ব পালন না করা, সরকারি নির্দেশনা আমান্য করা, জাতীয় দিবসগুলোতে অংশগ্রহণ না করা এবং এডিপি’র অর্থ ব্যয়ে অনিয়ম স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২(১)(খ) ও (ঘ) ধারা অনুযায়ী অপসারণের জন্য প্রমাণিত হয়েছে এবং তাকে পৌর মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করার জন্য সুপারিশ করা হয়েছে সেহেতু তাকে ৩১(১) ধারা অনুযায়ী সাময়িক বরখাস্ত করা যুক্তিযুক্ত;

সেহেতু, জনাব মোঃ মোশাররফ হোসেন, মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, নাটোর-কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

ফারজানা মান্নান
উপসচিব।